

Prime Minister to address High-Level Segment of ECOSOC on 17 July, 2020

July 16, 2020

প্রধানমন্ত্রী জাতিপুঞ্জের অর্থনৈতিক এবং সামাজিক পরিষদের (ECOSOC) উচ্চপর্যায় বিভাগে 17 ই জুলাই 2020 তারিখে ভাষণ দেবেন
জুলাই 16, 2020

প্রধানমন্ত্রী নরেন্দ্রমোদী আগামী 17ই জুলাই 2020 তারিখ স্থানীয় সময় 09:30 থেকে 11:30 জাতিপুঞ্জের অর্থনৈতিক এবং সামাজিক পরিষদের (ECOSOC) উচ্চপর্যায় বিভাগের অধিবেশনে ভার্চুয়ালি মুখ্য ভাষণ প্রদান করবেন, নিউ ইয়র্কের জাতিপুঞ্জে। প্রধানমন্ত্রী বিদায়ী অধিবেশনে নরওয়ের প্রধানমন্ত্রী এবং ইউ এন সেক্রেটারি জেনারেল অ্যান্টোনিও গুটেরেসের সাথে একসাথে বক্তব্য রাখবেন।
বার্ষিক অধিবেশনে উচ্চপর্যায় বিভাগ, সরকার, বেসরকারি ক্ষেত্র, সুশীল সমাজ এবং শিক্ষাজগত থেকে নানাবিধ দলের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দলকে আহ্বান করেছে। উচ্চপর্যায় বিভাগের এই বছরের মূলভাব হল “কোভিড-19 পরবর্তী জোটবদ্ধতা: 75 তম বার্ষিকীতে কি ধরনের জাতিপুঞ্জ (UN) আমাদের প্রয়োজন”।

এই অধিবেশন পরিবর্তনশীল পরিবেশ এবং কোভিড-19 অতিমারির বিরুদ্ধে, জোটবদ্ধতার গতিপথের রূপরেখাকে আকার দেবার প্রকৃত শক্তির উপরে জোর দেবে। এছাড়াও এই অধিবেশন, মজবুত নেতৃত্ব, ফলপ্রদ আন্তর্জাতিক সংগঠন, একটি প্রসারিত অংশগ্রহণ ও বিশ্বের জনগণের শুভ-র গুরুত্বকে বাড়িয়ে তোলার মাধ্যমে বিশ্বজনীন বিষয়সূচীকে তুলে ধরার জন্য বিভিন্ন পথের অনুসন্ধান করবে।
17ই জুন তারিখে 2021 -22 বর্ষের মেয়াদকালের জন্য অভাবনীয়ভাবে সুরক্ষা পরিষদে (সিকিউরিটি কাউন্সিল) ভারত নির্বাচিত হবার পরে প্রসারিত জাতিপুঞ্জ সদস্যদের সামনে ভাষণ দেবার জন্য প্রধানমন্ত্রী প্রথমবার সুযোগ পাবেন। জাতিপুঞ্জ প্রতিষ্ঠার 75 তম বার্ষিকী উপযাপনে, সুরক্ষা পরিষদে ভারতের অগ্রগণ্যতার সাথে, জাতিপুঞ্জের অর্থনৈতিক এবং সামাজিক পরিষদের (ECOSOC) উচ্চপর্যায় বিভাগের মূলভাবও প্রতিধ্বনিত হয়েছে ; যাতে আমরা, কোভিড-19 পরবর্তী পৃথিবীতে “ সংশোধিত জোটবদ্ধতা”-র ডাক দিয়েছি। এখানে জাতিপুঞ্জের অর্থনৈতিক এবং সামাজিক পরিষদের (ECOSOC) উদ্বোধনী সভাপতি হিসেবে (স্যার রামস্বামী মুদালিয়ার, 1946 সালে) ভারতের কথাও স্মরণ করা হয়েছে। এর আগে 2016 -র জানুয়ারীতে জাতিপুঞ্জের অর্থনৈতিক এবং সামাজিক পরিষদের (ECOSOC) 70 তম বার্ষিকী উদযাপনের সময় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি মুখ্য ভাষণ প্রদান করেছিলেন।

নিউ দিল্লি
জুলাই 15, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

